

আফ্রিকান উন্নয়ন ব্যাঙ্কের ৫২ তম বার্ষিক সম্মেলনের ফাঁকে সফররত  
আফ্রিকান নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক (২২-২৫ মে, ২০১৭)

১) প্রধানমন্ত্রী আফ্রিকার সফররত নেতাদের সঙ্গে আফ্রিকান উন্নয়ন ব্যাঙ্কের ৫২ তম বার্ষিক সম্মেলনের ফাঁকে দ্বিপাক্ষিক বৈঠক করলেন, গান্ধীনগর, ২৩ মে, ২০১৭, আফ্রিকান নেতাদের মধ্যে ছিলেন— বেনিন প্রজাতন্ত্রের মহামান্য প্রেসিডেন্ট জনাব প্যাট্রিক টালোন, সেনেগালের মহামান্য প্রেসিডেন্ট ম্যাকি সল, আই ভোরি কোস্ট প্রজাতন্ত্রের মহামান্য ভাইস প্রেসিডেন্ট ড্যানিয়েল কাবালান দুনকান। এছাড়াও ঘানার প্রাক্তন প্রেসিডেন্ট মহামান্য জন দ্রামানি মাহামা সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রীর সঙ্গে। প্রেসিডেন্ট ম্যাকি সল এর আগেও ভারত সফর করেছিলেন, তৃতীয় ভারত-আফ্রিকা শিখর সম্মেলনে (আইএএফএস-৩) যোগ দিতে, অক্টোবর ২০১৫। এছাড়াও ভাইস প্রেসিডেন্ট দুনকান এবং ঘানার প্রাক্তন প্রেসিডেন্ট মাহামা যথাক্রমে প্রধানমন্ত্রী এবং প্রেসিডেন্ট থাকাকালীন ভারত সফর করেছিলেন। প্রেসিডেন্ট টালোন বেনিনের প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নেন এপ্রিল ২০১৬।

২) এই দেশগুলির সঙ্গে ভারতের অভূতপূর্ব দ্বিপাক্ষিক সম্পর্ক বিদ্যমান। বৈঠকে প্রধানমন্ত্রী ওই দেশগুলির সঙ্গে বাণিজ্য এবং অর্থনৈতিক সম্পর্ক আরও মজবুত করার উপর গুরুত্ব দেন। সেনেগাল এবং আইভোরি কোস্টের সঙ্গে আমাদের বর্তমানে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১ বিলিয়ন মার্কিন ডলার, ঘানার সঙ্গে প্রায় ৩.৬ বিলিয়ন মার্কিন ডলার এবং বেনিন-এর সঙ্গে ৭০০ মিলিয়ন মার্কিন ডলার।

৩) আন্তর্জাতিক সৌর জোটে সই করার জন্য সেনেগাল, আইভোরি কোস্ট এবং ঘানাকে কৃতজ্ঞতা জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বেনিনকে অনুরোধ করেন আইএসএএফএ-তে দ্রুত সই করে একে সমর্থন করার জন্য। এটা বিশেষ করে উল্লেখ্য যে, আইএএফএস-৩ তে আফ্রিকার সাহায্যের জন্য ১০ বিলিয়ন মার্কিন ডলারের ঋণ ঘোষণা করে ভারত। এর মধ্যে ২ বিলিয়ন মার্কিন ডলার সৌরশক্তি সংক্রান্ত প্রকল্পগুলির জন্য বরাদ্দ। এই সব দেশের সম্ভাবনার কথা বিবেচনা করে প্রধানমন্ত্রী নেতাদের উৎসাহিত করেন ওই এলাকায় আরও প্রকল্পের জন্য।

৪) সফরতর বিশিষ্টরা প্রধানমন্ত্রী এবং ভারত সরকারকে ধন্যবাদ জানান তাদের উন্নয়নের জন্য ঋণের উচ্চসীমা ঘোষণার জন্য। ভাইস প্রেসিডেন্ট দুনকান ধন্যবাদ জানান প্রধানমন্ত্রীকে— সামরিক হাসপাতালের আধুনিকীকরণ প্রকল্প এবং মহাত্মা গান্ধী তথ্য প্রযুক্তি এবং বায়োটেকনোলজি পার্কের বিষয়ে ভারতের সহায়তার জন্য। প্রেসিডেন্ট সল এবং ঘানার প্রাক্তন প্রেসিডেন্ট মাহামা ভারতের প্রশংসা করেন, তাঁদের কৃষিক্ষেত্রে লাইন অফ ক্রেডিটের মাধ্যমে ভারতের সহযোগিতার জন্য। প্রধানমন্ত্রী নির্দিষ্ট সময়মতো প্রকল্প বাস্তবায়নের বিষয়ে নেতাদের আশ্বস্ত করেন এবং সেই অনুসারে, গুরুত্ব বুঝে দেশগুলিকে নির্ধারিত করা হয়।

৫) দুই ভারতীয় নাগরিকের গ্রেফতারের প্রসঙ্গটি বেনিন-এর প্রেসিডেন্টের কাছে তোলেন প্রধানমন্ত্রী মেদি এবং তাদের নিরপেক্ষভাবে বিচার করার আবেদন জানান।

৬) রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের সংস্কার ও বিস্তার-সহ পারস্পরিক স্বার্থজনিত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে নেতারা আলোচনা করেন। সন্ত্রাস দমন সংক্রান্ত বিভিন্ন বিষয় এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়।

৭) সম্পূর্ণ বন্ধুত্বপূর্ণ এবং ভ্রাতৃত্বপূর্ণ পরিবেশে বৈঠক অনুষ্ঠিত হয়, যা ভারত-আফ্রিকা সম্পর্কের একটা প্রতীক।

নয়াদিল্লি

মে ২৬, ২০১৭